

প্রেসবিজ্ঞপ্তি- ৯ জুলাই, ২০১৭

বাংলাদেশ মহিলা পরিষদকে ৫০ লক্ষ টাকা অনুদান দিল সামিট গ্রুপ

ফটোক্যাপশন:

সামিট গ্রুপ বাংলাদেশ মহিলা পরিষদের কার্যক্রমকে এগিয়ে নেওয়ার জন্য ৫০ লক্ষ টাকা অনুদান দেয়। সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান এবং পরিচালক আজিজা খান বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম ও মালেকা বানু এর হাতে অনুদানের এই চেক হস্তান্তর করেন।

মূলসংবাদ:

সিএসআর কার্যক্রমের অংশ হিসেবে সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম এর হাতে ৫০ লক্ষ টাকার চেক তুলে দেন। বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে আনোয়ার বেগম মুনিরা খান মিলনায়তনে এই চেক প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এসময় সামিট গ্রুপের পরিচালক আজিজা খান, বাংলাদেশ মহিলা পরিষদেও সাধারণ সম্পাদক মালেকা বানুসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “বিশ্বেও অর্ধেক জনগোষ্ঠী নারী। সবক্ষেত্রে তাদের সমান অংশগ্রহণ ছাড়া আমরা কীভাবে অর্থনৈতিক মুক্তি পেতে পারি? আমরা যদি একে অপরকে সম্মান দিতে না পারি তাহলে মানুষ হিসেবে নিজেদেরকেও অসম্মান করা হবে। নারীকে মূল্যায়ন না করে আমরা কখনোই আমাদের সমাজকে এগিয়ে নিয়ে যেতে পারবোনা।” এসময় সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশ মহিলা পরিষদেও সভাপতি আয়শা খানম সামিট গ্রুপের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৯

সামিটগ্রুপ:

সামিট গ্রুপ বাংলাদেশের অন্যতম শীর্ষ ব্যবসায়িক প্রতিষ্ঠান। এটি বাংলাদেশের বেসরকারি খাতের সবচেয়ে বড় বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠান এবং উৎপাদনকৃত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করা হয়। সামিট গ্রুপ সর্বপ্রথম দেশের ট্র্যাঙ্ক ও কনটেইনার টার্মিনাল নির্মাণ করে। এছাড়া সামিট দেশে সর্বপ্রথম পাওয়ার প্ল্যান্ট প্রতিষ্ঠিত করে। সামিট বাংলাদেশের ইন্ডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসারস এসোসিয়েশন (বিআইপিপিএ) এর সদস্য। সামাজিক ক্ষেত্রে অবদান রাখার জন্য সামিট ২০১৫ সালে মুম্বাই এ অনুষ্ঠিত ওয়ার্ল্ড সিএসআর কংগ্রেস এ সম্মানজনক গ্লোবাল সিএসআর এক্সসিলেন্স এন্ড লিডারশীপ এওয়ার্ড লাভ করে।

বাংলাদেশ মহিলাপরিষদ:

বাংলাদেশ মহিলা পরিষদ (বিএমপি) নারীর মানবাধিকার রক্ষার প্রতিষ্ঠান। দীর্ঘদিন ধরে সমাজে নারীর অধিকার প্রতিষ্ঠা, ক্ষমতায়ন এবং সুবিধা বঞ্চিত নারীদের বিভিন্ন সহযোগিতা দেওয়ার মাধ্যমে বাংলাদেশ মহিলা পরিষদ(বিএমপি)তাদেও কার্যক্রম পরিচালনা করে আসছে।

For further queries:

Mohsena Hassan

Head of Public Relation and Media | Summit Corporation Limited

E: mohsena.hassan@summit-centre.com

M: +8801713081905